



WORLD ENVIRONMENT DAY

Volume 04 | June 05, 2024

EQUINOX

WORLD ENVIRONMENT DAY

LAND RESTORATION, DESERTIFICATION AND DROUGHT RESILIENCE



ANNUAL MAGAZINE

POSTGRADUATE DEPARTMENT OF GEOGRAPHY, KRISHNAGAR GOVERNMENT COLLEGE

EQUINOX

LAND RESTORATION, DESERTIFICATION AND DROUGHT RESILIENCE

Volume 4 | June 05, 2024

Annual Magazine
Postgraduate Department of Geography
Krishnagar Government College

Patron

Dr. Sobhan Niyogi, Officer-in-Charge

Advisors

Dr. Mahuya Chakrabarti, Coordinator (IQAC)

Dr. Kalidas Das, Secretary (Teachers Council)

Editorial Members: Equinox

Dr. Lila Mahato

Dr. Balai Chandra Das

Dr. Samsul Hoque

Shri. Mehedi Hasan Mondal

World Environment Day

Cultural Committee

Smt. Sarmistha Das,

Shreyasee Das Mistry, Moumita Biswas, Ayan Biswas (PG students) Pritam Shil, Sounita Biswas,
Meghna Singha Roy, Rinku Kar, Aritri Pal, Sweta Basak (Students, UG 6th Semester)

Soumyajit Bhattacharya, (Student, UG 4th Semester)

Aritra, Anish, Anubhab, Ayush, Praloy, Ishita, Pallavi (Students, UG 2nd Semester)

Plantation Programme Committee

Dr. Debika Ghosh

Nayan Modak, Sayan Hazra, Aditi Ghosh, Joyita Biswas, Sneha Sarkar, Kathakali Kundu
(Students, UG 6th Semester), Jamrul Sk. (Student, UG 4th Semester), Bidhan Sikdar (UG 2nd
Semester) and Ramchandra Roy

Working Committee

Shri. Alok Roy

Dr. Kaustabi Maitra

Dr. Bhaskar Samanta

Smt. Payel Bhattacharya

All the students of the department

FOREWORD

As we mark World Environment Day at the Postgraduate Department of Geography, Krishnagar Government College, it is with great honour that I extend a warm welcome to all.

This year, the theme of World Environment Day centers on 'Land Restoration, Desertification, and Drought Resilience' for sustainable coexistence with nature. It emphasizes the imperative for communities and individuals to collaborate in exploring sustainable alternatives. The students and faculty of the department are enthusiastically committed to raising awareness on this significant occasion through diverse creative expressions. This initiative bears considerable relevance in the current global context.

The e-magazine EQUINOX (Volume 04) serves as a testament to conscientious citizens who pledge to ensure the safety and security of our planet Earth. Today's agenda includes tree planting, poster exhibitions, and cultural events. I extend my sincere best wishes to all participants and express gratitude to the students for their invaluable assistance and dedicated efforts in ensuring the success of this program, which promises to be a grand and meaningful celebration.

Thank you all.

Dr. Lila Mahato,
Associate Professor and Head
Post Graduate Department of Geography,
Krishnagar Government College



Government of West Bengal
Office of the Principal

Krishnagar Government College

Krishnagar, Nadia, PIN - 741101

Phone: 03472-252863/252810 Fax: 03472 252810

Email: kgcollege1846@gmail.com

Website: www.krishnagargovtcollege.org

Memo No.

Date

Date: 01/06/2024

Message from the Officer-in-Charge

It is with great pleasure that I announce the upcoming release of the annual magazine, 'EQUINOX', by the Post Graduate Department of Geography at Krishnagar Government College, coinciding with the celebration of World Environment Day on June 5, 2024. Our students and teachers have taken admirable steps to raise awareness about pressing environmental issues and work towards sustainable development to protect our planet. Their dedication and efforts are truly praiseworthy, and I am confident that the magazine's message will resonate with everyone. I also extend my best wishes for the success of the World Environment Day celebrations.



1.6.24

Officer-in-Charge
Krishnagar Govt. College
Krishnagar, Nadia, West Bengal

Officer-in-Charge
Krishnagar Govt. College
Krishnagar, Nadia (W.B.)

Krishnagar Govt. College
Krishnagar, Nadia

From the desk of the Coordinator, IQAC
(Internal Quality Assurance Cell),

Date: 01-06-2024

I am delighted to express my sincere appreciation to the students and faculty members of the PG Department of Geography for their timely initiative to publish the fourth edition of 'EQUINOX' in observance of World Environment Day with the theme "Land Restoration, Desertification, and Drought Resilience". It is indisputable that our quality of life is greatly influenced by the quality of our natural environment. Unfortunately, many of our daily actions contribute to the degradation of the environment. 'EQUINOX' serves as an academic platform for raising awareness about environmental conservation in the face of continually emerging issues related to "our land, our future".

I would like to extend my heartfelt thanks to the Head of the Geography Department, Dr. Lila Mahato, for supporting the students and teachers in bringing out the fourth edition of 'EQUINOX'. Congratulations to all involved for addressing the current environmental challenges of our world. I trust that this edition will effectively raise environmental awareness among the readers, encouraging a more responsible attitude towards environmental protection for the sustainable development of our society.



Dr. Mahuya Chakrabarti
Coordinator, IQAC, and Associate Professor in Economics
Krishnagar Govt. College, Krishnagar, Nadia



Celebrating
**WORLD
ENVIRONMENT DAY**

"Land restoration, desertification and drought resilience"

Post Graduate Department of Geography
and
Internal Quality Assurance Cell (IQAC)
Krishnagar Government College, Krishnagar, Nadia

Programme Schedule

Planting Saplings
E-Magazine inauguration
Cultural Programmes

Inauguration and Special address
Poster Exhibition
Closing of Programme

5th June, 2024
from 12 noon onwards at Room No. 1,
Main building, KGC



Contents

Sl. No.	Topic	Author/s	Page No.
1	মেরু প্রদেশের সর্বত্র ছয় মাস দিন ছয় মাস রাত হয় না	বলাই চন্দ্র দাশ,	1
2	অনিত্য	সৌম্যজীৎ ভট্টাচার্য্য	3
3	প্রকৃতির নিয়ন্ত্রণ	কুনাল কর্মকার	4
4	পর্ণমোচী	সাজিব বিশ্বাস	4
5	জলাভূমির 'বাস্তুতান্ত্রিক পরিষেবা'র মূল্যায়ন কতখানি জরুরী	মেহেদী হাসান মণ্ডল	5
6	আত্মজাল	নিলুফা পারভিন	9
7	সবুজহীন প্রকৃতি	জামরুল সেখ	9
8	বিপন্ন প্রাণ	সীমা দাস	10
9	পরিবেশ রক্ষায় ব্যক্তিগত ভূমিকা হটক প্রায়োগিক	ড. সামসুল হক	11
10	একাল	অর্পণ দে	17
11	উন্নয়ন?	দিয়া মাহাতো	18
12	ফিরিয়ে আনার আহ্বান	প্রেম রাজবংশী	18
13	অসহায় প্রকৃতির নীরব বেদনা	মোনালিকা বর্মন	19
14	বাঁচুক পরিবেশ বাঁচুক বিশ্ব	পল্লবী সাহা	20
15	নীরব পরিবেশ	অমৃত দাস	21
16	সুস্থ পরিবেশীকরণের পন্থা	সুপ্রীতি সরকার	21
17	পরিবেশ	পল্লবী সাহা	23
18	প্রকৃতির শোক	রীতম বসাক	24
19	বিবর্ণ প্রকৃতি	অমৃত দাস	25
20	বন্ধুরূপে প্রকৃতি	রিঙ্কু কর	26
21	পরিবেশের পিপাসা	বিধান সিকদার	27
22	মৃত্যু প্রাপ্তর	রীতম বসাক	28
23	Make A Vow of Silence	Bikram Sarkar, (UG 6 th Semester)	30
24	Desertification and the role of Climate Change	Namrata Saha	30
25	#Generation Restoration: Celebrating young environmental activists	Sutanuka Roy	33
26	Land Restoration through Preventing Desertification and Drought Resistance in the Arid and Semi-arid Region.	Nayan Modak	34
27	"Every drop counts"- (WATER WASTAGE IN INDIA)	Ayush Poddar	41
28	Rivers - The Lifeline	Dr. Lila Mahato	47
29	Revitalizing decaying rivers and wetlands	Shreyasee Das Mistry and Soumodipa Ghosh	51

মেরু প্রদেশের সর্বত্র ছয় মাস দিন ছয় মাস রাত হয় না

বলাই চন্দ্র দাশ,
সহযোগী অধ্যাপক, ভূগোল বিভাগ,
কৃষ্ণনগর সরকারী মহাবিদ্যালয়
<https://orcid.org/0000-0001-5536-6825>

পৃথিবীর আবর্তন-অক্ষ (axis of rotation) তার কক্ষতলের (orbital plane) সাথে $66\frac{1}{2}$ ডিগ্রি কোণে অবস্থান করে। তাছাড়া যে কক্ষপথে সূর্যকে প্রদক্ষিণ করে, সেটি উপবৃত্তাকৃতির। এই কারণে পৃথিবীর সর্বত্র সব সময় দিন ও রাতের দৈর্ঘ্য সমান হয় না (Figure 1)।




Figure 1 পৃথিবীর আবর্তন-অক্ষের কক্ষতলের সাথে $66\frac{1}{2}$ ডিগ্রি কোণে অবস্থান ও বছরের বিভিন্ন সময়ে দিন-রাতের অসম দৈর্ঘ্য
<https://allgeographynow.wordpress.com/2016/02/22/the-earths-revolution-around-the-sun/>

মহাবিশুবের (vernal equinox) পর থেকে উত্তর গোলার্ধে দিনের দৈর্ঘ্য বাড়তে থাকে এবং তা সর্বাধিক হয় কর্কট সংক্রান্তির (summer solstice) দিনে। দক্ষিণ গোলার্ধে এর বিপরীত ঘটনা ঘটে। কর্কট সংক্রান্তির পর থেকে উত্তর গোলার্ধের সর্বত্র দিনের দৈর্ঘ্য কমতে থাকে এবং 23 সেপ্টেম্বর জলবিশুবের (autumnal equinox) দিনে পৃথিবীর

সর্বত্র দিনের ও রাতের দৈর্ঘ্য সমান হয়, যথাক্রমে 12 ঘণ্টা 12 ঘণ্টা। দক্ষিণ গোলার্ধে চলে বিপরীত ঘটনা। ফলে বছরে দুটি বিষুব দিন (Equinoxes) বাদে বাকি দিন গুলিতে নিরক্ষরেখা থেকে মেরুর দিকে দিন বা রাতের দৈর্ঘ্য বাড়তে বা কমতে থাকে, যা সর্বাধিক হয় দুটি সংক্রান্তি (solstices) দিনে।

মেরুপ্রদেশে যখন দিন বা ফটোফেজ থাকে তখন সূর্যের উন্নতি কোণ সর্বদা $\geq 0^\circ$ থাকে (Figure 2)। ফলে আবর্তন কালে 24 ঘণ্টার মধ্যে কখনও সূর্যাস্ত হয় না। অন্যদিকে মেরুপ্রদেশে যখন রাত বা স্কটোফেজ থাকে তখন সূর্যের উন্নতি কোণ সর্বদা $\leq 0^\circ$ থাকে। ফলে আবর্তন কালে 24 ঘণ্টার মধ্যে কখনও দিন হয় না, সর্বদা রাত থাকে।





Figure 2 মেরুবিন্দু ও মেরুবৃত্তে ২৪ ঘণ্টায় পৃথিবীর আবর্তন কালে সূর্যের উন্নতিকোণ ও সর্বাধিক দিন-রাতের দৈর্ঘ্য। (Strahler 1975)

সংক্রান্তি দিনে (solstices) $66\frac{1}{2}$ ডিগ্রি উত্তর/ দক্ষিণ অক্ষাংশে দিন বা রাতের দৈর্ঘ্য থাকে 24 ঘণ্টা বা 1 দিন। আর মেরুবিন্দুতে দিন বা রাতের দৈর্ঘ্য থাকে 182.5 দিন বা 6 মাস। $66\frac{1}{2}$ ডিগ্রি মেরুবৃত্ত থেকে 90 ডিগ্রি মেরুবিন্দু পর্যন্ত অক্ষাংশের ব্যবধান $23\frac{1}{2}$ ডিগ্রি। তাহলে সরল হিসাবে মেরুবৃত্ত থেকে প্রতি 1



ডিগ্রি অক্ষাংশের ব্যবধানে দিনের/রাতের দৈর্ঘ্য বৃদ্ধির হার 7 দিন 18 ঘন্টা। সেক্ষেত্রে বিভিন্ন অক্ষাংশে দিন/রাতের সর্বাধিক দৈর্ঘ্য নীচের টেবিলের (Table 1) অনুরূপ হওয়ার কথা।

Table 1 অক্ষাংশ ও দিন/রাতের সর্বাধিক দৈর্ঘ্য

অক্ষাংশ	বৃহত্তম দিন/রাতের দৈর্ঘ্য (Diel cycle বা দিন)
66°0'	1 বা 24 ঘণ্টা
67°00'	3.88
68°00'	11.65
69°00'	19.41
70°00'	27.18
71°00'	34.95
72°00'	42.71
73°00'	50.48
74°00'	58.24
75°00'	66.01
76°00'	73.78
77°00'	81.54
78°00'	89.31
79°00'	97.07
80°00'	104.84
81°00'	112.61
82°00'	120.37
83°00'	128.14
84°00'	135.90
85°00'	143.67
86°00'	151.44
87°00'	159.20
88°00'	166.97
89°00'	174.73
90°00'	182.50

ওপরের টেবিল থেকে দেখা যাচ্ছে, যে মেরুবৃত্ত থেকে মেরুবিন্দু পর্যন্ত সর্বত্র বৃহত্তম দিন/রাতের দৈর্ঘ্য 6 মাস নয়।

একমাত্র মেরুবিন্দুতে 6 মাস। অক্ষাংশের মান যত কমতে থাকে, বৃহত্তম দিন/রাতের দৈর্ঘ্যও তত কমতে থাকে। কমতে কমতে মেরুবৃত্তে তার পরিমাণ দারায় 24 ঘণ্টা বা 1 দিন (1 Diel cycle)। আর মেরুবিন্দুতে দিন বা রাতের দৈর্ঘ্য থাকে 182.5 দিন বা 6 মাস।

কিন্তু বাস্তবে হিসাবটি এত সরল নয়। Cohen et al (2020) বলেছেন প্রতি 1 ডিগ্রি অক্ষাংশের ব্যবধানে বৃহত্তম দিন/রাতের দৈর্ঘ্য বাড়ে মোটামুটি 6দিন বা 144 ঘণ্টা। Cohen et al (2020) যে হিসাবটি দিয়েছেন, তাতে বিভিন্ন অক্ষাংশে দিন/রাতের সর্বাধিক দৈর্ঘ্য নীচের টেবিলের অনুরূপ (Table 2)।

Table 2 অক্ষাংশ ও দিন/রাতের সর্বাধিক দৈর্ঘ্য (Cohen et al 2020)

অক্ষাংশ	বৃহত্তম দিন/রাতের দৈর্ঘ্য (মাস)
68°00'	1
78°00'	3.5
88°00'	5.5
90°00'	6

কিন্তু এই হিসাবেও মেরুবৃত্ত থেকে মেরুবিন্দুর দিকে বৃহত্তম দিন/রাতের হিসাব মিলবে না। আসলে মেরুবৃত্তের পর ভিন্ন ভিন্ন অক্ষাংশে ভিন্ন ভিন্ন হারে বৃহত্তম দিন/রাতের দৈর্ঘ্য বাড়তে থাকে। দেখা গেছে, বিভিন্ন অক্ষাংশে বৃহত্তম দিন/রাতের দৈর্ঘ্য মোটামুটি নিম্নরূপ। Brun (1995) বৃহত্তম দিন/রাতের যে হিসাব দিয়েছেন (Table 3), তা হল-

Table 3 অক্ষাংশ ও দিন/ রাতের সর্বাধিক
দৈর্ঘ্য (Brun 1995)

অক্ষাংশ	বৃহত্তম দিন/রাতের দৈর্ঘ্য (Diel cycle বা দিন)
90°00'	174
87°30'	162
85°00'	148
82°30'	135
80°00'	122
77°30'	106
75°00'	91
72°30'	73
70°00'	52
67°30'	9

আধুনিক জ্যোতির্বিদ্যায় অতি নিপুণ হিসাবের দ্বারা মেরুবৃত্ত থেকে মেরু বিন্দু পর্যন্ত প্রতিটি অক্ষাংশের বৃহত্তম দিন/রাতের দৈর্ঘ্য সঠিক ভাবে নির্ণয় করা সম্ভব।

তথ্য উৎস

- Burn, C. R. (1995). Where does the polar night begin? Canadian Geographer/Le Géographe canadien, 39(1), 68-74.
- Cohen, J. H., Berge, J., Moline, M. A., Johnsen, G., & Zolich, A. P. (2020). Light in the polar night. POLAR NIGHT marine ecology: life and light in the dead of night, 37-66.
- Strahler, A.N. (1975). *Physical geography*. Singapore: Wiley & Sons. P. 63-73

অনিত্য

সৌম্যজীৎ ভট্টাচার্য্য(4th Sem, UG)

সাগরের পাড়ে বসে বালির প্রাসাদ গড়ি,
চাতকিনী চেয়ে থাকে আকাশের পানে
থেমে গেছে জীবন, তবু থামছে না ঘড়ি
কুহকিনী ডাকে, শব্দেরা হানে
শব্দবানো।

জলরঙ তেলে দিয়েছি পাতায় পাতায়,
সাদা না কালো; জীবন না মরন ভালো!
কবিতার পাতা ছেঁড়া খাতায় খাতায়,
কখন বুঝি নিভে যায় প্রদীপের আলো!

ধানক্ষেতের ওপারে সূর্যি যাবে পাটে
কদমগাছের ফুল ঝরে পড়ে পায়
হিসেব-নিকেশ শেষ করে দিয়ে হাটে
তারপর ঘুমিয়ে যাব বটবৃক্ষের ছায়ে।

পর্ণমোচী

সাজিব বিশ্বাস (স্নাতক চতুর্থ অর্ধবর্ষ)

জিজ্ঞাসা ছিল পাতার কাছে
ঝরে যাও যখন জলের শোকে,
মনে রাখে গাছ কিংবা পৃথিবী?
সবুজ চাদরে ঢেকেছিলে যাকে
তাপে-উত্তাপে আগলে রেখে,
পরম লালিমায় - আদ্রতায়।
না জানি কোন অদৃশ্য কখনে
যাকে রেখেছিল সাজিয়ে যতনে,
পতিত আজ - মৃত আজ।
সাজবে বৃক্ষ নতুনের সাজে
বৃথা যায় না মরনের বাণী,
শেষ পুষ্টি মৃত্তিকাতে আনি।
মিশে যায় - মুছে যায়
গল্প বুকে নিয়ে পরিযায়ী ফেরে,
নিজ পৃথিবী নিজ পরিবারে।
আবার আগামী - পাতাঝরার দিন
আসবে নতুন গল্প রঙিন,
চলবে পৃথিবী - রইবে পৃথিবী।

প্রকৃতির নিয়ন্ত্রণ

কুনাল কর্মকার (স্নাতক চতুর্থ অর্ধবর্ষ)

বৈশাখ আনিল এবার তপ্ত দাবদাহ
বর্ষ শুরু খাতুতেও যেন স্বস্তি পায় না
কেহ,
মাঠ ঘাট যেন সব গিয়েছে শুকায়ে
বহু কষ্টে জীবনযাপন চলছে কোনো
উপায়ে।
মানুষের সীমাহীন চাহিদা পূরণে ক্লান্ত
প্রকৃতি হয়েছে আজি বড়োই অশান্ত,
মানুষ হয় নি অল্পতে সন্তুষ্ট
তাই তো প্রকৃতি আজি বড়োই রুষ্ট।
হাহাকার চলছে সেই রোষের কারণে
না জানি চেতনা কবে জাগবে মানবমনে?
কেই বা করতে পারে প্রকৃতিকে শান্ত?
মৃতপ্রায় জীবনে ঢালিতে অমৃত!

আসলে প্রকৃতি যে স্বয়ং জননী
তাই তো সন্তানের প্রতি নির্মম হয়নি,
শত দাবদাহের তাই করে অবসান
কৃপা করে হয় শান্তিবৃষ্টির আগমন।
বৃষ্টিবারির সেই অমৃত পরশে
ধরার বুকে আবারও প্রান ফিরে আসে,
মানুষ যতই করুক প্রযুক্তির উন্নতি
পরম নিয়ন্ত্রক হল স্বয়ং প্রকৃতি।
নিজস্বার্থে মানুষ তাকে করে অবহেলা
মানবজীবনে ডেকে আনে ধ্বংসলীলা,
তবুও প্রকৃতি আবার ফেরায় জীবন
পৃথিবীতে চলে শুধু তার নিয়ন্ত্রণ।

জলাভূমির 'বাস্তুতান্ত্রিক পরিষেবা'র মূল্যায়ন কতখানি জরুরী


মেহেদী হাসান মণ্ডল
সহকারী অধ্যাপক, ভূগোল
বিভাগ, কৃষ্ণনগর সরকারী মহাবিদ্যালয়

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মৃতপ্রায় ব-দ্বীপীয় অংশে মূলত কাটোয়া থেকে নবদ্বীপ পর্যন্ত ভাগীরথী নদীর উভয়পার্শ্বে আঁকশির আকৃতি বিশিষ্ট বহু পরিত্যক্ত খাতের অবশিষ্টাংশ লক্ষিত হয়। নদীর মূল প্রবাহ থেকে বিচ্ছিন্ন বা সংকীর্ণভাবে সংযুক্ত এরূপ স্থির জলাশয়গুলি স্থানীয় ভাষায় 'বিল' নামে পরিচিত।

স্থানীয় প্রাকৃতিক ও মানবীয় পরিবেশের কল্যাণসাধনে এই বিলগুলি প্রদত্ত বাস্তুতান্ত্রিক পরিষেবাসমূহের গুরুত্ব অপরিসীম। প্রসঙ্গত উল্লেখ্য যে কোনও নির্দিষ্ট বাস্তুতান্ত্রিক পরিকাঠামো থেকে যে বহুবিধ বস্তুগত বা অবস্তুগত পণ্য বা সেবার প্রাপ্তি ঘটে, সামগ্রিকভাবে সেগুলিকেই বাস্তুতান্ত্রিক পরিষেবার অন্তর্ভুক্ত করা হয়। অনুরূপভাবে কোনো জলাভূমি কর্তৃক সরবরাহকৃত সামগ্রী/সেবাকে একত্রিতভাবে 'জলাভূমির বাস্তুতান্ত্রিক পরিষেবা' রূপে উল্লেখই শ্রেয় এবং যুক্তিযুক্ত। সমীক্ষা অনুসারে ভূ-পৃষ্ঠের মাত্র ৬% জলাভূমি দ্বারা অধিকৃত হওয়া সত্ত্বেও, সেগুলি বিশ্বব্যাপী ৪০% বাস্তুতান্ত্রিক পরিষেবা প্রদানে সক্ষম। বিগত শতকের অন্তিম দশক থেকে জলাভূমিকে একটি পরিষেবা প্রদানকারী ব্যবস্থারূপে মূল্যায়নের প্রচেষ্টার সূত্রপাত ঘটে এবং

মানব-জলাভূমির গতিশীল বহুমাত্রিক সম্পর্ক অনুধাবনের মৌলিক পদ্ধতি হিসাবে তা ক্রমে বিশেষ জনপ্রিয়তা অর্জন করে। জলাভূমির সম্পদ উৎপাদনের নতুন নতুন সম্ভাবনার অনুসন্ধান এবং সেই সম্পদের উপর নিকটবর্তী মানবগোষ্ঠীর (বিশেষত গ্রামীণ মানুষের) ক্রমবর্ধমান নির্ভরশীলতা এই পদ্ধতিকে আরও প্রাসঙ্গিক এবং এর প্রায়োগিক ক্ষেত্রে আরও সম্প্রসারিত করে তুলছে। ২০০৫ সালে Millennium Ecosystem Assessment Board "Ecosystems and Human Well-being: Synthesis" শীর্ষক একটি রিপোর্টে বাস্তুতান্ত্রিক পরিষেবাগুলিকে চারটি উপবিভাগে ভাগ করে, যথাঃ ১. Provisioning ২. Supporting ৩. Cultural এবং ৪. Regulating। এর মধ্যে চতুর্থ শ্রেণীর সেবার উপযোগিতা বিশ্বব্যাপী অনুভূত হলেও, প্রথম তিন শ্রেণীর সেবার প্রভাব একান্তভাবে স্থানিক এবং লোকায়ত জীবনচর্যার সাথে অঙ্গাঙ্গীভাবে সম্পর্কিত। প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষায় জলাভূমির অবদান ব্যাপকভাবে আলোচিত হলেও, স্থানীয় মানুষের আর্থ-সামাজিক জীবনশৈলী রূপায়ণে তার পরিষেবার ভূমিকার স্থান-ভিত্তিক, বিস্তৃত অথচ পুঙ্খানুপুঙ্খ আলোচনার বেশ খামতি লক্ষ্য করা যায়। নিম্ন গাঙ্গেয় অববাহিকার বিলগুলির মূল্যায়নের অভাবও তার ব্যতিক্রম নয়।

স্থানীয় গ্রামীণ কৃষিনির্ভর অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবনে এই বিলগুলির গুরুত্ব উপলব্ধির উদ্দেশ্যে ভাগীরথীর পশ্চিম পাড়ের পূর্বস্থলী



(চুপি) এবং পূর্ব পাড়ের দুটি বিল (যথা আড়পাড়া ও ছাড়িগঙ্গা)-এর উপর একটি সমীক্ষা চালানো হয়, যার মাধ্যমে প্রায় ৩৬ প্রকার বাস্তুতান্ত্রিক পরিষেবা চিহ্নিত করা গেছে, যার ৫৬.৭৬% প্রত্যক্ষভাবে এবং ৩২.৪৩% পরোক্ষভাবে লোকায়ত জীবনকে ধনাত্মকভাবে প্রভাবিত করে। প্রকৃতির কিডনি রূপে জলাভূমি যেমন একাধারে তরল ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনে, অবিশুদ্ধ জল পরিশোধনে, পৌষ্টিক মৌল আবদ্ধকরণে সহায়তা করে, তেমনি মৃত্তিকার ক্ষয় প্রতিরোধে, বন্যা নিয়ন্ত্রণে এবং ভৌম জলভান্ডার পুনর্নবীকরণেও তাদের ব্যাপক গুরুত্ব রয়েছে। পাশাপাশি, এই স্বাদুজলের বিশাল ভান্ডারগুলি স্থির জলের (Lentic) সমৃদ্ধ বাস্তুতন্ত্রের ধারক হিসাবে বহুবিধ উদ্ভিদ ও প্রাণী প্রজাতির প্রাকৃতিক আবাসস্থল রূপে কাজ করে। যেমন পশ্চিমবঙ্গ সরকারের জীববৈচিত্র্য পর্ষদ সমীক্ষা চালিয়ে চুপি বিল ও তৎসংলগ্ন অঞ্চলে প্রায় ৩৯টি উদ্ভিদ ও ১২৯টি (অমেরুদণ্ডী ২৭টি ও মেরুদণ্ডী ১০২টি) প্রাণী প্রজাতি শনাক্তকরণ করে। এ প্রসঙ্গে উল্লেখ্যনীয় যে, চুপি পরিযায়ী পাখির স্বর্গরাজ্য রূপেও খ্যাত। ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ সালের শীতকালে সমীক্ষা চালিয়ে লেখকদ্বয় ৯টি ক্রমের এবং ১৮টি পরিবারভুক্ত সর্বমোট ৭৪ প্রজাতির পাখি চিহ্নিত করেছেন, যার প্রায় ৫১.৩৫% পরিযায়ী প্রকৃতির। অপরদিকে, পূর্বের বিল দুটিতে নথীভুক্ত পাখি প্রজাতির সংখ্যা প্রায় ১৩টি (৫টি ক্রম ও ৬টি পরিবারভুক্ত)।

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, স্থানীয় গ্রামীণ মানুষদের আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক জীবন উক্ত জলাশয়গুলির


পরিষেবার সাথে নিবিড়ভাবে সংযুক্ত। বিশেষত, বিলগুলির তীরে বসবাসকারী, প্রাথমিক কার্যাবলী নির্ভর জনগোষ্ঠীর (মুখ্যত কৃষিজীবী ও ধীবর সম্প্রদায়) আর্থিক জীবনধারা বিলগুলি প্রদত্ত পরিষেবার উপর নির্ভরশীল। একদিকে যেমন বিলগুলির পার্শ্ববর্তী উর্বর জমি ও জলসেচের প্রয়োজনীয় জলের পর্যাপ্ততা কৃষির পক্ষে বিশেষ সহায়ক, অপরদিকে তেমনি মিষ্টি জলের এই সঞ্চয় সমৃদ্ধ মৎস্য ক্ষেত্রও বটে। স্বাভাবিকভাবেই বিলগুলির নিকটবর্তী (লেখকদ্বয়ের সমীক্ষাকৃত) আটটি গ্রামের (যথা চুপির পার্শ্ববর্তী ইন্দ্রকপুর, রামচন্দ্রপুর, চুপি, পূর্বস্থলী, কাঠশালী এবং আড়পাড়া-ছাড়িগঙ্গার নিকটবর্তী সুলতানপুর, গোটপাড়া ও আড়পাড়া) মোট ৭০.৮১% মানুষ সরাসরিভাবে বিলগুলির দ্বারা উপকৃত। স্থানীয় মানুষ এই বিলগুলি থেকে পানীয় জল, খাদ্য রূপে বিভিন্ন প্রকার শাক (যথা কলমি, হিঞ্চ, শুশনি, কুলেখাঁড়া ইত্যাদি) ও মাছ; গবাদি পশুর খাদ্যরূপে নানা প্রকার ঘাস, হাঁস-মুরগী লালনের জন্য গেঁড়ি-গুগলি, জ্বালানী জন্য শুকনো জলজ উদ্ভিদ, হিউমাস, বাড়ি নির্মাণ বা লেপনের জন্য মাটি বা কাঁদা ইত্যাদি আহরণ করে। বিশেষত আর্থিকভাবে দুর্বল মানুষেরা তাদের দৈনিক খাদ্যের চাহিদা পূরণে ব্যাপকভাবে জলাশয় প্রদত্ত বস্তুসমূহের উপর নির্ভরশীল থাকেন। বহু গ্রামীণ পরিবার কচুরিপানাকে জৈবসার হিসাবে ও শুকনো অবস্থায় জ্বালানী রূপে ব্যবহার করে। এছাড়া দৈনন্দিন নানা কাজ যেমন স্নান করা, গবাদি পশুর স্নান, কাপড় কাঁচা, বাসন মাজা, হাঁস প্রতিপালন এবং পাট পচানো প্রভৃতি

বহুবিধ কাজে জলাশয়গুলি ব্যবহৃত হয়। বর্তমানে বিলগুলির নৈসর্গিক সৌন্দর্য ও শীতের পরিযায়ী পাখির আকর্ষণে ঋতুকালীন পর্যটনের ক্রমবিকাশ ঘটছে, যা নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করছে। বিশেষত চুপি বিলের শীতের পাখির টানে বিগত কয়েক বছরে পক্ষীপ্রেমীদের পর্যটকদের ভিড় বেড়েছে, যার ফলে স্থানীয় নৌচালক এবং হোটেল মালিকদের আয়ও বেড়েছে। বর্তমানে সরকারী উদ্যোগে পরিকাঠামোগত উন্নয়ন (যথা রাস্তাঘাট, রিসোর্ট বা watch tower নির্মাণ), পর্যটনের পরিসরকে আরও প্রসারিত করছে, যা অদূর ভবিষ্যতে নিশ্চিতভাবে উক্ত অঞ্চলগুলির অর্থনৈতিক ধারার পরিপুষ্টির সহায়ক হবে।

আর্থিক ক্ষেত্রের পাশাপাশি স্থানীয় জনজীবনের সামাজিক বা ধর্মীয় পরিমণ্ডলে এই বিলগুলির গুরুত্ব কিছু কম নয়। ভাগীরথীর মূল প্রবাহ থেকে চ্যুত এই জলাশয়গুলির জল স্থানীয় মানুষের কাছে 'গঙ্গার জল'-এর মতই পবিত্র, পীযুষতুল্য। তাই যে কোন ধর্মীয় বা সামাজিক মঙ্গলকার্যে এই জল বহুল ব্যবহৃত হয়। এর ঘাটগুলি অবসরযাপনের ও সামাজিক মত বিনিময়ের জনপ্রিয় ক্ষেত্র। সকালে গৃহকর্মের ফাঁকে মহিলাদের ও সন্ধ্যায় পুরুষের গল্প-গুজবের স্থানরূপে এই ঘাটগুলির যে সামাজিক পরিসর রচনা করে, তার আর্থিক মূল্যমান নির্ধারণ কঠিন হলেও, মানবীয় গুরুত্ব অনুধাবন মোটেও শক্ত নয়। অনুরূপভাবে,


শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উপরেও এর সুপ্রভাব সহজেই অনুমেয়।

তবে বর্তমানে এই বিলগুলির সম্পদের যথেষ্ট ও অনিয়ন্ত্রিত ব্যবহার এর বাস্তবতান্ত্রিক কাঠামোকে বিনষ্ট করছে, ফলে সংকটের মুখোমুখি এর সমৃদ্ধ জীববৈচিত্র্য। নদীর মূল প্রবাহ থেকে বিচ্ছিন্ন হওয়ায়, গ্রীষ্মকালে বিলগুলির জলাঞ্চল সঙ্কুচিত হয়ে পড়লে, এর বিস্তীর্ণ অংশ কৃষিকাজ (মূলত ধান ও পাট উৎপাদন) ও পশুচারণের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। কৃষিভূমির এইপ্রকার সম্প্রসারণ ও তৎপ্রসূত জমির পুনরুদ্ধার বিলগুলির আয়তনকে ক্রমসঙ্কুচিত করে চলেছে। উদাহরণস্বরূপ বলা যায় যে, চুপি বিলের (জলাবৃত অংশের) আয়তন ১৯৯১ সালে ছিল ৩.৪৪ বর্গ কিমি, যা ২০১৭ সালে কমে হয়েছে ২.১৯ বর্গ কিমি। বিলগুলির প্রান্তীয় সীমানায় চাষবাসের এই ব্যাপক বিস্তার তটনিবাসী জীবকূলের প্রজাতি ও সংখ্যার উপর নেতিবাচক প্রভাব ফেলছে। চুপিতে প্রাপ্ত উদ্ভিদ প্রজাতির প্রায় ২১টি ও প্রাণী প্রজাতির প্রায় ৪৬টি উপকূলীয় অঞ্চলে বসবাস করে, যাদের সংখ্যা গত দশকে উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে। ইটভাঁটার অবস্থান ও চোরাশিকারীদের কার্যকলাপও এর জীবসম্প্রদায়কে বিশেষত পরিযায়ী পক্ষীকুলকে ঋণাত্মকভাবে প্রভাবিত করেছে। বিলসংলগ্ন কৃষিজমিতে কীটনাশক ও রাসায়নিক সারের ব্যবহার পরোক্ষভাবে বিলের জলের স্বাভাবিক গুণমানের অবনমন ঘটাবে। গৃহস্থলীর আবর্জনা ফেলার বা প্রতিমা নিরঞ্জনের স্থান হিসাবে বিলগুলির ব্যবহার এদের



জলকে দূষিত করছে। কাপড় কাঁচার সাবান ও কৃষিক্ষেত্রের রাসায়নিক বর্জ্যের মিশ্রণে জলে ক্ষারের আধিক্য জলজ উদ্ভিদ বিশেষত কচুরিপানার

দীর্ঘস্থায়ী লাভ এবং বিলগুলির সংরক্ষণের উদ্দেশ্যে স্থানীয় মানুষদের বিলগুলির প্রকৃত গুরুত্বের সম্যক উপলব্ধি করানোর সক্রিয় প্রচেষ্টা



বৃদ্ধিকে ত্বরান্বিত করছে। ফলে যেমন একাধারে বিঘ্নিত হচ্ছে এর জীবকূলের ভারসাম্য, অপরদিকে সমস্যা সৃষ্টি হচ্ছে নৌচলাচল সহ নানাবিধ মানবীয় ব্যবহারে। স্বাভাবিকভাবে ক্রমাবনমন ঘটছে বিলগুলি প্রদত্ত পরিষেবার।

এমতাবস্থায়, নিরবিচ্ছিন্নভাবে পরিষেবা প্রাপ্তির জন্য এই বিলগুলির সংরক্ষণ এবং তাদের পরিষেবার সঠিক মূল্যায়ন আশু প্রয়োজন। কোন সম্পদ ভাঙারের অবমূল্যায়ন তা সংরক্ষণের প্রয়োজনীয়তাকে প্রশমিত করে। সেইরূপ বিলগুলির বাস্তুতান্ত্রিক পরিষেবার যথাযথ মূল্যায়নের অসমর্থতা তার সংরক্ষণের উদ্যোগকে নিশ্চিতভাবে অবহেলিত করবে। আশার কথা এই যে, বর্তমানে স্থানীয় মানুষদের সহযোগিতায় স্থানীয় প্রশাসন চোরাশিকার নিয়ন্ত্রণে ও পরিযায়ী পাখির সুরক্ষায় উদ্যোগ গ্রহণ করছে, যা সাধুবাদযোগ্য। তাই, যুগপৎ পরিবেশের

চালাতে হবে। দাঁত থাকতে দাঁতের মূল্য না বুঝে, পড়ে হা-হতাশ করে লাভ কী?



আত্মজাল

নিলুফা পারভিন (স্নাতক চতুর্থ অর্ধবর্ষ)

হৈ হৈ কলরবে উঠেছে মেতে
প্রাণ বাঁচাতে ছুটছে আজ এদিকে
সেদিকে।
বেজে উঠেছে আজ ধ্বংসের ডঙ্কা
এসেছে ঘনিষে বিপদের আশঙ্কা।
তপ্ত অট্টালিকা থেকে ভেসে আসছে
আজ
অগ্নিদগ্ধ আত্মার ক্রন্দনরত স্বর।
যে সুখ আগে হাত বাড়ালেই যেতো
পাওয়া
আজ তা বামন হয়ে চাঁদ ছোঁয়া।
কি ভীষণ রূপ যে তোমার
পারবে কি করতে আমাদের ক্ষমা! ?
ধরিত্রীর বুকে জমেছে কালো মেঘ
অশ্রু হয়ে নামবে আজ গ্লানি বেয়ে।
ভাসিয়ে দেবে শত্রু সেনা
বাজবে আবার জয়ের বীণা।
আর হবে না ধ্বংস খেলা
উদ্ধার কাজে নামতে হবে এই বেলা।
পিপাসু মনের স্বাদ মিটিয়ে
সবুজের বীজ দাও ছিটিয়ে।
বিষাক্ততার চরণতলে নুইয়ে আছে মাথা
বন্দী আছি দূষণে মুক্তির পথ চায়।

সবুজহীন প্রকৃতি

জামরুল সেখ (স্নাতক চতুর্থ অর্ধবর্ষ)

এই পৃথিবী ধীরে ধীরে হচ্ছে সবুজহারা,
জীবপ্রজাতি লাখে লাখে পড়ছে আজ
মারা।
যেথায় সেথায় যখন তখন হচ্ছে
মরুভূমি,
প্রকৃতি মায়ে সবুজ আজ করছি মোরা
হরণ।
গরম থেকে রেহাই পেতে ফ্রিজ আর
এ.সি.,
ওজোনস্তরের অবক্ষয়ে যার ভূমিকা
বেশি।
যথেষ্টভাবে গাছকাটা আর সচেতনতার
অভাব,
প্রকৃতি তার নিজের ভাষায় দিচ্ছে যেন
জবাব।
ভূমিকম্প বা ভূমিধ্বস কিংবা হোক খরা,
কুপ্রভাব জেনেও ঘটিয়ে চলেছি শ্রেষ্ঠ
জীব মোরা।
রাসায়নিক সারের ব্যবহারে বিরক্ত
কৃষিজমি,
নোংরা-পচা-আবর্জনা অতিষ্ঠ নদীর
পানি।
শিশুর শয্যা মাতৃকোলে আর বন্যদের
বনে,
সেই একই রকম সম্পর্ক মোদের প্রকৃতি
মায়ের সনে।
তাই সচেতনতা বাড়ানো হোক এই
অঙ্গীকার,
প্রকৃতির প্রতি ভালোবাসা আসুক সবার।
স্লোগান মোদের এরূপ হোক দূষণ
করবো নিয়ন্ত্রণ,

সাথে থাকুক বন্ধু-বান্ধব আত্মীয় আর
পরিজন।

বিপন্ন প্রাণ

সীমা দাস (স্নাতক চতুর্থ অর্ধবর্ষ)

প্রকৃতি আজ অশান্ত
ফুঁসছে অবিরত
প্রকৃতির শরীরে যে আজ
মানুষের অবিচারেরই ক্ষত।
সুখ বিলাসের প্রাসাদ গড়তে
সবুজ নিধন যোগ্য চলছে অহর্নিশ।
প্রকৃতিও তাই আজ বিরূপ হয়ে
ঢালছে শুধুই বিষ।
ধুঁকছে গ্রাম, নগর, জনপদ
সেই বিষেরই জ্বালায়
প্রকৃতি তবু শান্ত হয়নি
হানছে প্রবল আঘাত।
তার প্রলয়ের ফলায়
লভভল জনজীবন
নিরাশ্রয় কতশত
জমছে কেবল লাশের ঢের।
দিকে দিকে হাহাকার অবিরত
একটি আঘাত ভরার আগেই আবারো
কানে কশাঘাত।
তৃষ্ণাকাতর বিশ্ব আজকে
হতে পারে মরুভূমি
শাঁখের করাতে আমরা গড়ছি
সভ্যতার বদভূমি।
শেষ সময় আসন্ন
মোদের মানব শিক্ষার
চলো শপথ নিই সকলে
সবুজ শহর গড়বার।

আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে - এই বাংলায়
হয়তো মানুষ নয় - হয়তো বা শঙখচিল শালিকের বেশে,
হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে
কুয়াশার বুকে ভেসে একদিন আসিব কাঁঠাল ছায়ায়।
হয়তো বা হাঁস হবো - কিশোরীর - ঘুঙুর রহিবে লাল পায়
সারাদিন কেটে যাবে কলমীর গন্ধভরা জলে ভেসে ভেসে।
আবার আসিব আমি বাংলার নদী মাঠ ক্ষেত ভালোবেসে
জলঙ্গীর ঢেউ এ ভেজা বাংলার সবুজ করুণ ডাঙ্গায়।

-জীবনানন্দ দাশ

পরিবেশ রক্ষায় ব্যক্তিগত ভূমিকা হউক প্রায়োগিক


ড. সামসুল হক

সহকারী অধ্যাপক, ভূগোল বিভাগ, কৃষ্ণগর
সরকারি মহাবিদ্যালয়

পরিবেশের অবক্ষয়, অবনমন ও দূষণ কোনও নতুন বিষয় নয়, বরং বহু প্রাচীন। পরিবেশ রক্ষার ভাবনাও মানুষ নানাভাবে বহুকাল থেকেই ভেবে আছে। মানুষের নিত্যদিনের কার্যাবলী তা ব্যক্তিগত, সমষ্টিগত বা রাষ্ট্রীয় ভাবে যেমন পরিবেশ অবক্ষয় করে চলেছে তেমনই আবার পরিবেশের অবনমন ও দূষণ রোধ করার প্রচেষ্টাও মানুষ ব্যক্তিগত, সমষ্টিগত বা রাষ্ট্রীয় উদ্যোগে করে চলেছে অর্থাৎ সভ্যতার সৃষ্টি থেকেই মানুষ একদিকে যেমন পরিবেশের ধ্বংসকারী আবার অন্যদিকে রক্ষাকারী হিসাবে হিসাবে কাজ করে চলেছে। এখন প্রশ্ন হলো মানুষ পরিবেশের জন্য উভয় ভূমিকা পালন করলেও পরিবেশের ক্রম অবনমন ঘটছে কেনো? পরিবেশ দূষণ নিয়ে পুরো বিশ্ব বহুকাল আগে থেকে আজ পর্যন্ত এতো চিন্তিত কেনো? তাহলে কি সভ্যতার অগ্রগতি পরিবেশ ধ্বংস ও পরিবেশ রক্ষার মধ্যে ভারসাম্য বিঘ্নিত করছে? নাকি মানুষের নিজস্ব বিবেকহীন কার্যকলাপ, ব্যক্তিগত সীমাহীন লোভ ও লালসা, মানুষের নিত্যদিনের অবিবেচনা প্রসূত কার্যকলাপ পরিবেশের এই চরম অবননের জন্য ব্যাপকভাবে অনুঘটকের কাজ করে

চলেছে?

সভ্যতার অগ্রগতির প্রয়োজনেই তৈরী হয়েছে গ্র্যান্ড ট্রাঙ্ক রোড, সোনালী চতুর্ভুজ কিস্বা সোনালী ত্রিভুজ। আবার তৈরি হয়েছে গ্রেট সাইবেরিয়ান রেলপথ। সমগ্র বিশ্বকে জুড়ে দিয়েছে হাজারো রেলপথ ও সড়কপথের জালিকা। সভ্যতাকে আরও দ্রুতগামী করার জন্য তৈরি হয়েছে আকাশপথ ও হাজার বিমান বন্দর। সভ্যতাকে টিকিয়ে রাখার প্রয়োজনেই তৈরি হয়েছে অসংখ্য কলকারখানা। পৃথিবীকে মজবুত করার জন্য বিশ্বজুড়ে প্রতিষ্ঠা পেয়েছে হাজার হাজার লৌহ ইস্পাত শিল্প, পৃথিবীকে আলোকিত করার জন্য উদ্ভাবন ঘটেছে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র থেকে জলবিদ্যুৎ কেন্দ্র। মানুষের বাসস্থানের সংকুলানের জন্য নগর ক্রমশ তার কলেবর বৃদ্ধি করে মহানগরের রূপ ধারণ করেছে। নগরে তৈরি হয়েছে গগন চুম্বি ইমারত। মানুষের ক্রমবর্ধমান খাদ্যের প্রয়োজন মেটাতে সম্প্রসারণ ঘটেছে কৃষিজমির। সভ্যতার অগ্রগতি, উন্নয়ন ও মানুষের প্রয়োজন মেটানোর যা কিছু হয়েছে সবটাই প্রাকৃতিক পরিবেশের ধ্বংসের বিনিময়ে। পরিবেশের অবনমন ও পরিবেশ দূষণের জন্য প্রত্যক্ষ ভাবে দায়ী সভ্যতার এই কাঠামোগত ও চাহিদাগত উন্নয়ন। সভ্যতার উন্নয়ন বা তথাকথিত আধুনিকীকরণ ও প্রাকৃতিক পরিবেশ বাস্তবের মাটিতে হাত ধরা ধরি করে চলতে পারছে না। উদাহরণ সহযোগে বলা যায়, কৃষি জমির সম্প্রসারণের জন্য প্রতি বছর পৃথিবী জুড়ে লক্ষ লক্ষ হেক্টর বনভূমি, তৃণভূমি কোথাও বা জলাভূমি ধ্বংস করে প্রাকৃতিক বাসভূমি নষ্ট



করা হচ্ছে। কল কারখানার ধোঁয়া পরিবেশে কার্বন ডাই অক্সাইড এর পরিমাণ বহুগুণ বাড়িয়ে দিচ্ছে। কলকারখানায় ব্যবহৃত জল ও নানান বর্জ্য জল দূষণ ঘটাবে, জলবিদ্যুৎ পরিবেশ বান্ধব হলেও জলবিদ্যুৎ কেন্দ্র গুলি প্রাকৃতিক বাসভূমি ধ্বংস করেই নির্মাণ করা হচ্ছে। ফলে উন্নয়ন ও পরিবেশ দূষণ বা পরিবেশের অবনমন অঙ্গাঙ্গিভাবে জড়িত। তাহলে কি পরিবেশ বাঁচানোর জন্য বা পরিবেশকে অক্ষুণ্ন রাখার জন্য উন্নয়ন বন্ধ করা সম্ভব? বর্তমানের পরিপ্রেক্ষিতে উত্তর হবে অবশ্যই না। কারণ প্রায় ৮ বিলিয়ন মানুষের পৃথিবীকে সচল রাখতে হলে, মানুষের প্রাথমিক চাহিদাগুলোও যদি পূরণ করতে হয় তাহলে এই উন্নয়নের ধারা অব্যাহত রাখতেই হবে। তবে যতটা সম্ভব উন্নয়নমূলক কাজের সাথে পরিবেশকে খেয়াল রাখা, প্রযুক্তিবিদ্যার সাহায্যে পরিবেশের ক্ষয়ক্ষতিকে ন্যূনতম করা অর্থাৎ উন্নয়নের ধরন বদলাতে হবে। তাই পৃথিবী জুড়ে Environmental Impact Assessment(EIA) ধারণা জন্ম নিয়েছে যার সারমর্ম হলো যে কোনো প্রস্তাবিত উন্নয়নমূলক প্রজেক্টের পরিবেশগত প্রভাব বিশ্লেষণ করা এবং সেই মতো পরিবেশের উপর সংশ্লিষ্ট প্রজেক্টের নেতিবাচক প্রভাবকে যাতে প্রশমিত করা যায় তার সুব্যবস্থা গ্রহণ করা। জন্ম নিয়েছে Sustainable Development ধারণার যেখানে ভবিষ্যত প্রজন্মের কোনও ক্ষতি না করেই বর্তমানের চাহিদা পূরণের কথা বলা হয়েছে অর্থাৎ Sustainable Development is development that meets the needs of the present without compromising the ability of future generations to meet their own needs. স্থির হয়েছে Millennium Development Goals (MDGs) এবং


Sustainable Development Goals (SDGs)। পৃথিবীব্যাপী পরিবেশ বিপন্ন এটা বোঝার পর পৃথিবী জুড়ে আন্দোলন সংগঠিত হয়েছে। সংগঠিত হয়েছে Green Peace Movement (১৯৭৩), বসেছে পৃথিবী জুড়ে বসেছে একাধিক বসুন্ধরা সম্মেলন। বাজিলের রিও ডি জেনিরোতে প্রথম বসুন্ধরা সম্মেলনেই (১৯৯২) শতাধিক দেশের রাষ্ট্র নেতারা যোগদান করে বিপন্ন পৃথিবীকে বাঁচানোর সংকল্প গ্রহণ করে। "মন্ট্রিল প্রটোকল(১৯৩৫)" এর মতো অসংখ্য চুক্তি স্বাক্ষরিত হয়েছে বিশ্ব জুড়ে। এর পরেও সমগ্র পৃথিবী জুড়ে পরিবেশ আজ বিপন্ন। জলবায়ু পরিবর্তন, বিশ্ব উষ্ণায়ন, গ্রীন হাউস ইফেক্ট, প্রাকৃতিক বাসভূমির বিলোপ, জীব বৈচিত্রের সংকট আরও ক্রমশ প্রকট হয়ে উঠছে।

পরিবেশ রক্ষার্থে আঞ্চলিক, জাতীয় ও আন্তর্জাতিক নানা উদ্যোগ গ্রহণ করার পরও পরিবেশ সমস্যা পৃথিবীর সবচেয়ে বড় সমস্যা হয়ে দেখা দিয়েছে। এর মূল কারণই হলো সভ্যতার অগ্রগতি বলা বাহুল্য মানুষের কার্যাবলী যে হারে পরিবেশের ক্ষতি করে চলেছে সেই আনুপাতিক হারে পরিবেশ পুনরুদ্ধার হচ্ছে না। সমগ্র পৃথিবীর পরিবেশকে পুনরুদ্ধার করার জন্য ৫ ই জুন বিশ্বজুড়ে প্রতি বছর সাড়ম্বরে পরিবেশ দিবস পালিত হচ্ছে। প্রতি বছরই জাতীয় ও আন্তর্জাতিক স্তরে নানা কর্মসূচি ও প্রতিজ্ঞা গ্রহণ করা হচ্ছে। প্রতি বছরই পরিবেশ দিবস উপলক্ষে Environmental theme বা Tag line ঠিক করা হচ্ছে যেমন ২০২২ সালের থিম ছিল "Ecological Restoration", ২০২৩ সালে "One Earth One Planet", ২০২৪ সালের প্রতিপাদ্য বিষয় হলো "Our Land. Our Future. We are

#GenerationRestoration"। বিশ্ব" পরিবেশ দিবস ২০২৪ " থিম ভূমি ও বাস্তুতন্ত্র পুনরুদ্ধার, জীব বৈচিত্র রক্ষা এবং জলবায়ুর পরিবর্তনকে মোকাবিলা করার জন্য সকলের যৌথ উদ্যোগকে উৎসাহিত করছে। অর্থাৎ শুধু রাষ্ট্রীয় বা আন্তর্জাতিক আয়োজনই যথেষ্ট নয়, প্রতিটি মানুষকে তাঁর ব্যক্তিগত জায়গা থেকে পরিবেশ বাঁচানোর সংকল্প গ্রহণ করতে হবে।

পৃথিবী ব্যাপী এতো আয়োজনও যখন পরিবেশ সংকট মেটাতে সক্ষম হচ্ছে না তখন মানুষের ব্যক্তিগত জীবন যাপন, ভোগবিলাস ও পরিবেশ প্রতি নিজস্ব দায়বদ্ধতা খুবই গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। মানুষের ব্যক্তিগত কার্যাবলী, ভোগবিলাস ও পরিবেশ ভাবনা মানুষ তার প্রতিদিনের কার্যাবলী ও ভোগবিলাসের মাধ্যমের ইচ্ছা বা অনিচ্ছাকৃত ভাবে তার চারপাশের পরিবেশের চরম ক্ষতি করে চলেছে যার নেতিবাচক প্রভাব সম্মিলিত ভাবে আঞ্চলিক, জাতীয় বা বিশ্বের পরিবেশের উপর পড়ছে। কয়েকটি উদাহরণ সহযোগে তা ব্যাখ্যা করা প্রয়োজন। যেমন আমরা প্রতিদিন বাড়িতে সকালে ঘুম থেকে ওঠার পর আবার রাত্রে ঘুমাতে যাওয়া পর্যন্ত মাথা পিছু যে পরিমাণ জল খরচ করি তা মাত্রাতিরিক্ত ভাবে বেশি। সমীক্ষায় দেখা যায়, নিজের বাড়িতে যাঁরা জলের ট্যাঙ্ক ব্যবহার করেন এমন ৩ জন সদস্য যুক্ত একটি পরিবারে প্রতিদিন গড়ে ন্যূনতম ৬০০ লিটার জল ব্যবহার করেন অর্থাৎ মাথা পিছু ২০০ লিটার।

সুতরাং পরিসংখ্যান থেকে এটি স্পষ্ট যে দৈনন্দিন জীবনে মাথা পিছু জল খরচ পক্ষান্তরে বলা যায় অপচয়ের পরিমাণ খুব বেশি। অথচ শুধুমাত্র আমাদের দেশের প্রায় ৪০ কোটি মানুষ তীব্র জলকষ্টে ভোগেন। এই অতিরিক্ত জল অপচয়ের ফলে ভৌমজলের স্তর ক্রমশ নিচে নেমে যাচ্ছে, পানীয় জল সহ অন্যান্য কাজের জন্য জলের তীব্র সংকট পরিলক্ষিত হচ্ছে। দেশ তথা বিশ্ব জুড়ে জলের তীব্র সংকট জানার পরও নিজস্ব বাড়ি, সরকারি বা বেসরকারি অফিসে মানুষ প্রতিদিনই নানাভাবে জলের অপচয় করে যাচ্ছে। জলের এই অপচয় কোনও শিক্ষার মানদণ্ডের সাথে সম্পর্কিত নয় বরং জীবন যাপনের সাথে সম্পর্কিত। সাধারণ ভাবে যে সম্পর্ক দেখা যায় তা হলো যাঁরা যত বেশি বিত্তবান তাঁরা মাথা পিছু ততবেশি জল ব্যবহার বা অপচয় করেন। গ্রামের তুলনায় শহরে মাথা পিছু জল ব্যবহারের পরিমাণ তুলনায় অনেক বেশি। বলাবাহুল্য, গ্রামের তুলনায় শহরে জল অপচয়ের পরিমাণ বেশি। এর মূল কারণই হলো Urban Life Style। সচেতন বা অসচেতন ভাবে জল অপচয়ের ফলে ভৌম জলের উপর ব্যাপক চাপ বেড়েছে, প্রতি বছর যে পরিমাণ ভৌমজল উত্তোলন করা হচ্ছে সে পরিমাণ ভৌমজল রিচার্জ হচ্ছে না। নাগরাঞ্চলে যে পরিমাণ ভৌমজল প্রতিবছর উত্তোলন করা হয় সেই পরিমাণ জল রিচার্জ হয়না কারন ইট, সিমেন্ট বালি বা পিচের পাকা পরিকাঠামোর জন্য বৃষ্টির জল মাটিতে অনুপ্রবেশ করতে পারেনা বরং পাকা ড্রেনের মাধ্যমে তা অন্যত্র পরিবাহিত হয়। ফলে আমাদের দেশসহ পৃথিবীর বহু



জায়গায় জলের তীব্র সংকট দেখা দিয়েছে। দিল্লি, মুম্বাই, চেন্নাই, জয়পুর, ব্যাঙ্গালোর, হায়দরাবাদ, রায়পুর ভোপালসহ ভারতের বড়ো বড়ো মেগাসিটিতে প্রতি বছর তীব্র জলসংকট দেখা দিচ্ছে। কৃষিতে অপরিবর্তিত ভাবে জলসেচের ফলে কৃষি অঞ্চলগুলিতেও ভৌমজলের স্তর ক্রমশ নিচে নেমে যাচ্ছে। গ্রীষ্মকালে বহু অঞ্চলে ভৌম জলস্তর এতটা নিচে নেমে যায় যায় যে গভীর নলকূপের মাধ্যমেও জলসেচ করা সম্ভব হচ্ছে না, এমনকি পানীয় জলের চরম সংকট দেখা দিচ্ছে। আমাদের দেশের প্রায় ৩৫% ভৌগোলিক এলাকা খরাপ্রবন এবং ১২% এলাকা ব্যাপকভাবে খরাপ্রবন (Khullar, ২০০৯)। অথচ জল অপচয় রোধে ব্যক্তিগত বা সমষ্টিগত উদ্যোগ সেভাবে চোখে পড়ে না।

মানুষ আধুনিকতার নামে show off cultural এ বিশ্বাসী। নিজের প্রয়োজনের থেকেও বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠছে এই দেখনদারি সংস্কৃতি। প্রয়োজনেরও অতিরিক্ত কাঠের আসবাব তৈরি ও কাঠের অন্যান্য ব্যবহার গাছের সংখ্যা ক্রমশ কমিয়ে ফেলছে। নিজের প্রয়োজন মেটানোর জন্য গাছ

কাটলেও নতুন গাছ লাগানো বা পরিচর্যা তেমন কোনো আন্তরিক উদ্যোগ পরিলক্ষিত হচ্ছে না। যথেষ্টভাবে বৃক্ষছেদন ও বনভূমি হ্রাস বিশ্ব উষ্ণায়নের অন্যতম মূল কারণ।

নিজের বাড়ির চারপাশের গাছ কেটে, জলাভূমি বা পুকুর ভরাট করে নিজের সখ ও বৈষয়িক আকাঙ্ক্ষা পূরণের জন্য বহুতল বাড়ি তৈরি করেছে কিন্তু বাড়িতে কোনও হিট ড্রিটমেন্টের ব্যবস্থা গ্রহণ করছে না। তীব্র গরমের হাত থেকে রেহাই পেতে মানুষ যথেষ্ট ভাবে তাপানুকূল যন্ত্র ব্যবহার করছে যা মূলত Chlorofluorocarbons (CFCs) এবং Hydrofluorocarbons (HFCs) এর উৎস। CFCs ও HFCs গ্যাসগুলি ওজন ক্ষয়কারী গ্যাস। অতিমাত্রায় AC রেফ্রিজারেটর ব্যবহারের ফলে ওজন গ্যাসের স্তর ক্রমশ পাতলা হয়ে যাচ্ছে। এর ফলে প্রাকৃতিক সৌরপর্দা (ওজন স্তর) ক্রমশ ধ্বংস হয়ে যাচ্ছে যার ফলে অতি বেগুনি রশ্মি পৃথিবী পৃষ্ঠে প্রবেশ করছে। এই অতি বেগুনি রশ্মি পৃথিবীর বাস্তুতন্ত্র সহ সমস্ত জীবজগৎ ধ্বংস করার জন্য যথেষ্ট। এছাড়াও নানা ধরনের তাপানুকূল যন্ত্র ব্যবহারের জন্য প্রচুর বৈদ্যুতিক শক্তির



পরিবেশ দূষণে ব্যক্তিগত ভূমিকা। ছবি ১ নিজস্ব সংগ্রহ (এপ্রিল, ২০২৪)

অপচয় হচ্ছে। যাঁরা এই নানা ধরনের তাপানুকূল যন্ত্র ব্যবহার করছে তাঁরা কিন্তু সবাই তাত্ত্বিকভাবে পরিবেশ সম্পর্কে সচেতন। তথাপি নিজ জীবন যাপনে কোনও পরিবর্তন নয় বরং আরও ভোগবিলাসের মাধ্যমে বেশি করে পরিবেশ ধ্বংসে সামিল হচ্ছে।

অধিকাংশ ক্ষেত্রেই মানুষ দেখনদারি সংস্কৃতির জন্য নিজ চার চাকা গাড়ি কিনছেন। একটি ছোট আকারের ডিজেল চালিত প্রাইভেট গাড়ির গড় মাইলেজ হলো ১৫-১৭ কিমি/লিটার অন্যদিকে একটি ডিজেল চালিত স্ট্যান্ডার্ড মাপের বাস (JNNURM, AMRUT, NBSTC, SBSTC ইত্যাদি) এর মাইলেজ হলো ৪-৫ কিমি/লিটার (ক্ষেত্র সমীক্ষা, ২০২৩)। একটি

প্রাইভেট চার চাকা গাড়িতে যেখানে ১-২ জন সেখানে একটি বড় বাসে প্রায় গড়ে ৫০-৮০ জন যাত্রী

পরিবহন করে। ফলে ব্যক্তিগত গাড়ির ব্যবহারে একদিকে যেমন প্রচুর পরিমাণ জীবাশ্ম জ্বালানির প্রয়োজন অন্যদিকে অতিমাত্রায় জীবাশ্ম জ্বালানির ব্যবহারে প্রচুর পরিমাণে কার্বন ডাই অক্সাইড নির্গত হয়। ডিজেল ইঞ্জিন প্রতি লিটার ডিজেল ব্যবহারে ২.৭ কেজি CO₂ উৎপাদন করে। এই CO₂ প্রধান গ্রীন হাউস এবং বিশ্ব উষ্ণায়নে সব থেকে বেশি ভূমিকা পালন করে।


কিয়দংশ মানুষ তাঁর তাঁদের ব্যক্তিগত ভোগবিলাসের জন্য প্রচুর পরিমাণে বিদ্যুৎ ব্যবহার করে। সরকারি নিজ অফিসে অকারণে AC বা ফ্যান সারাদিন ধরে চললেও ব্যক্তিগত উদ্যোগে তা বন্ধ করার প্রয়োজন বোধ করে না। সন্ধ্যা নামার অনেক আগেই সরকারি প্রতিষ্ঠান বার রাস্তা ঘাটের ল্যাম্পপোস্টের আলো জ্বালিয়ে দেওয়া বা দিন দুপুরেও তা বন্ধ না করার অভ্যাস আমাদের দেশে প্রায়শই পরিলক্ষিত হয়। ফলে প্রচুর পরিমাণ বিদ্যুৎ অপচয় হয়। নিজ বাড়ি বা সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানগুলোতে একটু সচেতন ভাবে বিদ্যুৎ ব্যবহার করলেই দেশ জুড়ে প্রতিদিন লক্ষ মেগাওয়াট বিদ্যুৎ সাশ্রয় সম্ভব। মনে রাখা দরকার এই বিদ্যুৎ তৈরি হয় অধিকাংশ

যাহারা তোমার বিষাইছে বায়ু, নিভাইছে তব আলো,
তুমি কি তাদের ক্ষমা করিয়াছ, তুমি কি বেসেছ ভালো”

- রবীন্দ্রনাথ ঠাকুর


ক্ষেত্রেই ক্ষয়িষ্ণু কয়লা বা পারমাণবিক পদার্থ পুড়িয়ে যা আবার বাতাসে CO₂ এর পরিমাণ বৃদ্ধি করে।

দৈনন্দিন জীবনে প্রায় প্রতিটি কাজে অতিমাত্রায় প্লাস্টিকের ব্যবহার নানা ভাবে Mother Earth কে দূষিত করে চলেছে। প্রতিদিনের বাজারে একটি নির্দিষ্ট ব্যাগ ব্যবহার না করে প্রায় প্রতিটি দ্রব্যের জন্য আলাদা ভাবে প্লাস্টিক ক্যারিব্যাগ নিচ্ছেন। ধরা যাক, একজন ব্যক্তি বাজারে আলু, পটল, লঙ্কা, পেঁয়াজ, আদা, টমেটো, শাক



এবং কিছু ফল কিনছেন তাহলে দেখা যাচ্ছে তিনি প্রতিটি দ্রব্যের জন্য বিক্রেতার কাছ থেকে আলাদা আলাদা ভাবে প্লাস্টিক ব্যাগ নিচ্ছেন। দীর্ঘদিনের পর্যবেক্ষণে ও ক্ষেত্র সমীক্ষায় (২০২৪) দেখা গেছে যে, মাথা পিছু

সম্পর্কে অবহিত। প্লাস্টিক দূষণ কতটা ভয়াবহ তা ভাবলেই আঁতকে উঠতে হয়। প্লাস্টিক দূষণ একদিকে যেমন বৃষ্টির জল মাটিতে অনুপ্রবেশের ক্ষেত্রে বাধা তৈরি করছে, ভৌমজল রিচার্জকে বিঘ্নিত করছে



ছবি -২ ব্যক্তিগত থেকে বিশ্বব্যাপী কার্যাবলীর পরিবেশের উপর প্রভাব

দৈনিক প্লাস্টিক ব্যবহারের সংখ্যা হল ৫ টি। শপিং মলে অধিকাংশ ক্ষেত্রেই প্রায় সব দ্রব্যের জন্য প্লাস্টিক প্যাকেট ব্যবহার করে। আরও আশ্চর্যের ব্যাপার যে দ্রব্যের পরিমাণের সাথে প্লাস্টিক ব্যাগের সাইজের কোনও সম্পর্ক নেই। দেখা যাচ্ছে যে, ২৫০ গ্রাম চিনি ক্রয় করলে যে সাইজের প্লাস্টিক ব্যাগে প্যাকেট করছে আবার ৩ কেজি চিনি কিনলেও সেই একই সাইজের প্লাস্টিক ব্যাগ ব্যবহার করছে। অর্থাৎ এক্ষেত্রেও অপ্রয়োজনে প্লাস্টিকের ব্যবহার প্লাস্টিক দূষণকে ব্যাপক ভাবে ত্বরান্বিত করছে। অথচ যাঁরা যথেষ্ট ভাবে প্লাস্টিকের ব্যবহার করছেন তাঁদের অধিকাংশই প্লাস্টিক দূষণ

অন্যদিকে তেমনি জলজ বাস্তুতন্ত্রকে ধ্বংস করে চলেছে। প্লাস্টিক দূষণের প্রভাব সব থেকে বেশি পড়েছে সামুদ্রিক বাস্তুতন্ত্রে। প্লাস্টিক দূষণের ফলে বহু সামুদ্রিক প্রাণী মারা যাচ্ছে, প্রজাতি হ্রাস পাচ্ছে। মাইক্রো প্লাস্টিক মানুষ সহ সমগ্র জীবজগতের স্বাস্থ্যের চরম ক্ষতি করে চলেছে। স্কুল, কলেজ, বিশ্ব বিদ্যালয়সহ সব সরকারি প্রতিষ্ঠানেও অপ্রত্যাশিত ভাবে প্লাস্টিক ব্যবহৃত হয়। আজকাল সৌখিনতা বজায় রাখতে বা ব্যবস্থাপনার সুবিধার্থে যে কোনো সরকারি বা বেসরকারি অনুষ্ঠান বা আয়োজনে প্লাস্টিকের প্যাকেটে খাওয়ার দেওয়া হয়। নিজস্ব পর্যবেক্ষণে দেখা গেছে একজন ব্যক্তির একবার খাওয়ার জন্য গড়ে ৬-৭ টি (যেমন ভাত, ডাল, মাছ বা মাংস,

মিক্স ভেজ, স্যালাড, চাটনি, একটি মিষ্টি বা সন্দেশ প্রতিটির জন্য আলাদা প্লাস্টিক প্যাকেট) প্লাস্টিক ব্যবহৃত হচ্ছে। সব চেয়ে প্রহসনের বিষয় হলো, Sustainable Development বা Environmental Pollution, Plastic pollution শীর্ষক জাতীয় বা আন্তর্জাতিক সেমিনারেও যথেষ্ট ভাবে প্লাস্টিক ব্যবহৃত হচ্ছে বা নানাভাবে পরিবেশ দূষণ করা হচ্ছে।

বর্তমান বিশ্বের সব থেকে বেশি চর্চিত ও জ্বলন্ত সমস্যা হলো পরিবেশ দূষণ ও জীব বৈচিত্রের সংকট। আমাদের Mother 'Earth' কে রক্ষা করার জন্য খুব বেশি নতুন প্রেসক্রিপশনের দরকার নেই। কারণ যাঁরা প্রতিদিন তাঁদের নানা অবিবেচনা প্রসূত কাজের কাজের পরিবেশকে দূষণ করে চলেছে, জীব বৈচিত্র্য সহ নিজেকেই বা নিজেরই ভবিষ্যত প্রজন্মকে বিপদের মুখে ঠেলে দিচ্ছেন তাঁরা প্রত্যেকেই পরিবেশ দূষণের কারণ ও তাঁর পরিব্রাণের পথ জানেন। প্রায় সকলেই অত্যন্ত সচেতনভাবেই পরিবেশকে কলুষিত করে চলেছেন, তাই একটু পরিবেশ সচেতনতা, সংযম, বিবেকবোধ ও পরিবেশ বান্ধব জীবনযাপন করলেই বহুলাংশে পরিবেশের অবক্ষয় হ্রাস পাবে। তাই ২০২৪ সালের বিশ্ব পরিবেশ দিবসের ট্যাগ লাইন Our Earth. Our Land. We are #Generation Restoration" কে বাস্তবায়িত করতে হলে প্রচার সর্বস্বপ্রয়াস নয়, চাই আন্তরিক আয়োজন, বাস্তব জীবনবোধ ও তার প্রয়োগ।

একাল

অর্পণ দে (স্নাতক চতুর্থ অর্ধবর্ষ)

সময় ছিল সে এক
চৈত্রে ডাক, বৈশাখে বাজ
চাতক পাখি জলের আশায় মরণাপন্ন
আজ।


শীতল এখন মরু রাজ্য
উষ্ণ যখন বাংলা,
পরিণাম এমন মানুষ আজ দাহ্য!

শুষ্ক পুকুরে মাছেরা লাফায়
সৌরতাপে গাছেরা,
বালির মাঝে ভাবি এ আমি কোথায়?

জলের সীমা বহু গভীরে
সুরঙ্গ আজ ফাঁপা,
তৃষ্ণার্ত গ্রাম তাকিয়ে থাকে সেথায়।

ভূমির আজ বড়োই অভাব
অট্টালিকা হবে যে,
মরু রুখতে বদলাতে হবে সমাজ।

ফুল ফুটবে, পাখিরা আসবে
সচেতন হবে সবাই,
এমন দিনের আশায় বুক বাঁধছি তাই!



উন্নয়ন?

দিয়া মাহাতো (স্নাতক ষষ্ঠ অর্ধবর্ষ)

উন্নয়নের যুগে উন্নয়ন হচ্ছে,
উন্নয়নের চাকা চলমান।
শুধু কৃত্রিম উন্নয়ন নয়,
মানুষ জলবায়ুর উন্নয়নেও সক্ষম।
বর্ষাকালে বৃষ্টির সমস্যা নেই,
না আছে শীতকালে শীত।
